

২০২৪

চতুর্থ সেমিস্টার

বাংলা — সাম্মানিক

পত্র : SEC-B-1 and SEC-B-2

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

SEC-B-1

(ব্যবহারিক বাংলা ও সাহিত্য-গবেষণার পদ্ধতিবিজ্ঞান)

পূর্ণমান - ৮০

- ১। (ক) ঘূর্ণিঝড় 'রেমাল'-এর তাণ্ডব, লগুভগু দুই ২৪ পরগণা— এই বিষয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো। ১০

অথবা,

- (খ) 'কারিকুলাম অ্যান্ড ক্রেডিট ফ্রেমওয়ার্ক' (CCF) শিক্ষাব্যবস্থা সম্পর্কে একজন শিক্ষাবিদেদের সঙ্গে কোনো সাংবাদিকের কাল্পনিক সাক্ষাৎকার রচনা করো। ১০

- ২। (ক) একটি কম্পিউটার প্রশিক্ষণ সংস্থা ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ডিপ্লোমা ইন মাল্টিমিডিয়া কোর্সে ভর্তির জন্য বিজ্ঞপ্তি জারি করবে, ওই সংস্থার পক্ষ থেকে সংবাদপত্রে প্রকাশের যোগ্য একটি বিজ্ঞাপনের বয়ান রচনা করো। ১০

অথবা,

- (খ) বাংলায় অনুবাদ করো— ১০

The crow thought a lot and an idea came across his mind. He thought, "If I throw some pebbles in the pot then the water present in the pot will go up and I will be able to drink water easily." The crow then started searching for a few pebbles. The crow saw some pebbles lying on the ground nearby. He flew towards the pebbles and put one in his beak. He returned to the pot and dropped it in the pot. Gradually by dropping one pebble at a time, the level of the water rose a little but his beak was still not capable of drinking the water. The crow repeated the process of flying to the pebbles, picking one of them, then flying back to the pot and dropping them one by one.

- ৩। (ক) গবেষণার রীতি ও নির্মাণ পদ্ধতি বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ১০

অথবা,

- (খ) গবেষণামূলক গ্রন্থ রচনায় নির্ঘণ্ট প্রণয়ন বিধি সম্পর্কে আলোচনা করো। ১০

৪। যে-কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও—

৫×৬

- (ক) সংবাদপত্রে প্রতিবেদন রচনার নিয়মগুলি সম্পর্কে আলোচনা করো।
- (খ) ব্যক্তিগত পত্রের আঙ্গিক সম্পর্কে আলোচনা করো।
- (গ) বিজ্ঞাপনের ভাষা সম্পর্কে তোমার মতামত দাও।
- (ঘ) সফল সাক্ষাৎকারের প্রয়োজনীয় শর্তগুলির পরিচয় দাও।
- (ঙ) আক্ষরিক অনুবাদ ও ভাবানুবাদের তুলনামূলক আলোচনা করো।
- (চ) কপিরাইট আইন কী? কপিরাইট আইন শ্রমিককে কী কী অধিকার দেয়?
- (ছ) গবেষণাকর্মে কবিতা থেকে উদ্ধৃতি প্রয়োগের নিয়মগুলি আলোচনা করো।
- (জ) পাদটীকা ও গ্রন্থপঞ্জির সংক্ষিপ্ত পরিচয় দাও।

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও—

১×২০

- (ক) প্রতিবেদন কথার আভিধানিক অর্থ কী?
- (খ) শিক্ষানবীশ প্রতিবেদক কাদের বলা হয়?
- (গ) একটি প্রতিবেদনের শিরোনাম কেমন হওয়া উচিত?
- (ঘ) বিজ্ঞাপনভিত্তিক প্রতিবেদন কী?
- (ঙ) বাংলা ভাষায় লেখা প্রাচীনতম চিঠি কোনটি?
- (চ) একটি আদর্শ পত্রের দুটি অংশের উল্লেখ করো।
- (ছ) অধ্যক্ষের কাছে ছুটি চাওয়া কী প্রকারের পত্র?
- (জ) সাক্ষাৎকার গ্রহণকারীর একটি দক্ষতার উল্লেখ করো।
- (ঝ) মাইকের মাধ্যমে প্রচার কী ধরনের বিজ্ঞাপন?
- (ঞ) একটি ব্যক্তিগত বিজ্ঞাপনের উদাহরণ দাও।
- (ট) বিজ্ঞাপন দেওয়ার মূল উদ্দেশ্য কী?
- (ঠ) 'A little learning is a dangerous thing.' — বাংলায় অনুবাদ করো।
- (ড) The Sundarbans provides a unique ecosystem and a rich wild life habitat. — বাংলায় অনুবাদ করো।
- (ঢ) 'Better late than never' — বাংলায় অনুবাদ করো।
- (ণ) 'নামপত্র' কী?
- (ত) গবেষণার ক্ষেত্রে একটি অলিখিত উপাদানের নাম লেখো।
- (থ) লেখকের মৃত্যুর পরে কপিরাইট আইন কতদিন বলবৎ থাকে?
- (দ) স্বাধীন ভারতবর্ষে কপিরাইট আইন কত খ্রিস্টাব্দে প্রবর্তিত হয়?
- (ধ) 'রিসার্চ' (Research) কথাটির ব্যুৎপত্তি ঘটেছে কোন শব্দ থেকে?
- (ন) গ্রন্থপঞ্জিতে সংবাদপত্রের নাম কীভাবে উল্লেখ করা হয়?